

কবি আব্দুল গফ্ফার দত্তচৌধুরী স্মারক-বক্তৃতা ২০১৭

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে আগামী ২৬ ডিসেম্বর ২০১৭/ ১২ পৌষ ১৪২৪, মঙ্গলবার, বেলা ১০টায় বিশ্ববিদ্যালয়ের মিনি অডিটোরিয়ামে কবি আব্দুল গফ্ফার দত্তচৌধুরী স্মারক-বক্তৃতা ২০১৭ অনুষ্ঠিত হবে। এ-বছর বক্তৃতা করবেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ – এর পরিচালক প্রফেসর ড. স্বরোচিষ সরকার। বক্তৃতার বিষয় : বাংলা ভাষায় উচ্চশিক্ষা ও গবেষণা।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ এবং বিশেষ অতিথি হিসেবে কবিপুত্র ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাক্তন অতিরিক্ত সচিব জনাব আলী মোস্তাফা চৌধুরী উপস্থিত থাকবেন। সভাপতিত্ব করবেন কবি আব্দুল গফ্ফার দত্তচৌধুরী ট্রাস্ট বোর্ড পরিচালনা কমিটির সভাপতি এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস।